দর্শনায় গাঁজা সহ নাস্তিপুরের আকাশ গ্রেফতার

দর্শনায় গাঁজাসহ নাস্তিপুরের আমিনুল হক ওরফে আকাশ নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

আজ বুধবার সন্ধা পৌনে ৭টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই সোহেল রানা সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন নাস্তিপুর গ্রামে।

এসময় গ্রামের পশ্চিমপাড়ার মানিক হোসেনের পূর্ব দুয়ারী পাকা বাড়ির গেট সংলগ্ন গলির রাস্তার উপর হতে আমিনুল হক ওরফে আকাশ (২০) নামের এক মাদক ব্যবসায়ীকে ৫ শত গ্রাম গাঁজাসহ গ্রেফতার করেন। ফলে পুলিশের অভিযান টেরপেয়ে পালিয়েছে মানিক হোসেনের স্ত্রী দেলোয়ারা খাতুন ওরফে পাখি (৪৫)।

গ্রেফতারকৃত আমিনুল হক ওরফে আকাশ দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের বাসিন্দা ও ইসরাফিল হোসেনের ছেলে।

এ ঘটনায় পুলিশ গ্রেফতারকৃত ও পলাতক আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করেছে।

দর্শনার নাস্তিপুরে ছাদ থেকে পড়ে বৃদ্ধার মৃত্যু

দামুড়হুদা উপজেলা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামে জাহানারা বেগম (৭০) বাড়ির ছাত থেকে পড়ে বৃদ্ধার মৃত্যু হয়েছে। আজ বৃহস্পতিবার ভোর সাড়ে ৪ টার এ ঘটনা ঘটে।

পরিবার সুত্রে জানাযায়, আজ ভোর সাড়ে ৪ টার দিকে উপজেলার

নাস্তিপুর পুর্বপাড়ার আব্দুল ওয়াহেদের স্ত্রী জাহানারা বেগম অতিরিক্ত গরমের জন্য প্রতিদিন নিজ বাড়ির ছাদের উপর ঘুমায়, প্রতিদিনের ন্যায় আজও ঘুমিয়ে ছিল নামাজ পড়ার জন্য ভোরে ছাদ হতে নিচে নামার সময় অসাবধানতা বসত পড়ে যায়। সঙ্গে সঙ্গে বাড়ির লোকজন উদ্ধার করে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসাপাতালে নিয়ে ভর্তি করে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যু বরণ করেন।

এবিষয়ে দর্শনা থানার এসআই তাইফুর জামান বলেন, দর্শনা থানায় একটা অপমৃত্যু মামলা করেছে।